# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 28 May, 2025

মুন্সীগঞ্জ শহরের পৌর মার্কেটের একটি কফি শপে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।মঙ্গলবার সকাল সাড়ে ১১টার দিকে ‘স্নো কফি, ফাস্টফুড এন্ড পেস্ট্রি শপ’-এর কিচেন রুম থেকে আগুনের সূত্রপাত ঘটে।

মুহূর্তেই ধোঁয়া আশপাশে ছড়িয়ে পড়লে মার্কেটজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে।এসময় শহর বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়ে পাশাপাশি শহরজুড়ে দীর্ঘ যানজট সৃষ্টি হয়।

স্থানীয়রা জানান, আগুন ছড়িয়ে পড়ার সময় দোকানে কর্মরত কর্মচারীরা বাইরে বেরিয়ে আসেন এবং দ্রুত ফায়ার সার্ভিসে খবর দেওয়া হয়। ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে প্রায় আধা ঘণ্টার চেষ্টায় ১২ টার দিকে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। মুন্সীগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উপ-সহকারী পরিচালক মুহাম্মদ সফিকুল ইসলাম, পিএফএম সাংবাদিকদের জানান, “প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক সর্ট সার্কিট থেকেই আগুনের সূত্রপাত হয়েছে। তবে বিস্তারিত তদন্ত শেষে চূড়ান্ত কারণ জানা যাবে।”

ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। তবে দোকানের অভ্যন্তরে কিছু মালামাল ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানিয়েছেন দোকান মালিক।

অগ্নিকাণ্ড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:51

URL: https://www.timestodaybd.com/dhaka/7758073078